মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক গুরুতর অসুস্থ, আইসিইউতে ভর্তি

র্যাবের হাতে সন্ত্রাস বিরোধী আইনে গ্রেফতারকৃত মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সদ্য সাবেক চেয়ারম্যান এমএ খালেক জেলখানার অসুস্থ হয়ে পড়েছে। পরে তাঁকে গুরুতর অসুস্থ অবস্থায় পুলিশী পাহারায় মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) তে ভর্তি করা হয়েছে।

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক চিকিৎসক জমির মো: হাসিবুস সাত্তার এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মেহেরপুর জেলা কারাগার থেকে গতকাল বৃহস্পতিবার (৩১ অক্টোবর) বিকেলে কারা পুলিশ এমএ খালেককে শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে নিয়ে আসেন। পরে তার অবস্থা গুরুতর হওয়ায় হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) তে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে। এমএ খালেকের হার্টেরও সমস্যা রয়েছে এবং ভারতের বেঙ্গালুরের একটি হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। তবে, বর্তমানে তাঁর অবস্থা ভালো।

মেহেরপুর জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেল সুপার দেবদুলাল জানান, গতকাল বৃহস্পতিবার (৩১ অক্টোবর) দুপুরের দিকে এমএ খালেককে কারাগারে নিয়ে আসেন পুলিশ। তারপর বিকালের দিকে তিনি অসুস্থ হয়ে পড়েন। কারাগারের চিকিৎসক তাঁকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখানেই ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।